



১৫/০২/২২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪৩

তারিখ: ২০ মাঘ ১৪২৮
০৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তাররোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিতকরণ।


সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৩১ তারিখ: ১০.০১.২০২২
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৪১ তারিখ: ২১.০১.২০২২
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৪২ তারিখ: ২৩.০১.২০২২

করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন-এর প্রাদুর্ভাব ও বাংলাদেশে এ রোগের বর্তমান পরিস্থিতি বিবেচনায় সূত্রস্থ স্মারকত্রয়ে জারিকৃত সকল বিধি-নিষেধ ও নির্দেশনার সাথে নিম্নবর্ণিত শর্তসমূহ সংশোধনপূর্বক সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ করা হলো। এই বিধি-নিষেধ আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখ হতে ২১ ফেব্রুয়ারি ২০২২ তারিখ দিবাগত রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত বলবৎ থাকবে।

(ক) উন্মুক্ত স্থানে ও ভবন অভ্যন্তরে সামাজিক/রাজনৈতিক/ধর্মীয়/রাষ্ট্রীয় অনুষ্ঠানে ১০০-র বেশি জনসমাবেশ করা যাবে না। এসব ক্ষেত্রে যারা যোগদান করবেন তাদের অবশ্যই কোভিড টিকা সনদ/২৪ ঘণ্টার মধ্যে পিসিআর সার্টিফিকেট আনতে হবে।

(খ) সকল স্কুল, কলেজ এবং সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কক্ষে পাঠদান বন্ধ থাকবে।

০২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ সাইফুল ইসলাম ভূইয়া)
উপসচিব

ফোন: ০২২২৩৩৮১১০৭

ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

১. সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
২. বিভাগীয় কমিশনার (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
৩. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/বাংলাদেশ কোস্ট গার্ড/বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৫. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর (নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
৬. জেলা প্রশাসক (সকল)
৭. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ